

## পাঠাগার আছে তো, বই নেই ॥ বই থাকলেও পড়ার মানুষ নেই

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার এক সেমিনারে সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম শেলিমা রহমান বলছেন, দুর্ভাগ্যজনক হলেও সত্য দেশের অনেক স্থানে পাঠাগার নেই। আবার থাকলেও বই নেই। বই থাকলেও পড়ার মানুষ নেই। এই বাস্তবতা দেশের জন্য

করনই সুখকর নয়। প্রধানমন্ত্রীর ঘোষণা 'প্রিয়জনকে বই উপহার দিন' - এ শ্লোগানের আওতায় বই পড়া-কর্মসূচী জোরদার করার জন্য তিনি আহ্বান জানান। তোপখানা রোডস্থ সিরভাপ মিলনায়তনে জাতীয় (১৫শ পৃষ্ঠা ৬-এর কঃপ্রঃ)

### পাঠাগার আছে

(শেষ পৃষ্ঠার পর)

এছকেন্দ্র আয়োজিত 'গ্রন্থবর্ষ: অসীকার ও প্রত্যাশা' শীর্ষক এ সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি সচিব নাজমুল আহসান চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশিষ্ট কলা সাহিত্যিক দিবা প্রকাশের বড়লেখিকা মঈনুল আহসান সাবের, জাতীয় এছকেন্দ্রের পরিচালক মোঃ শফিক-উল ইসলাম উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন। দ্বিতীয় পর্বে মূল প্রবন্ধ পাঠ করেন নজরুল ইসলামচিট্টের নির্বাহী পরিচালক কবি আব্দুল মান্নান সৈয়দ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক ডঃ সাইদ-উর রহমান, দৈনিক দিনকালের সম্পাদক কাজী সিরাজ, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালক আহমেদ মুসা, প্রকাশক ইফতেখার রসুল জর্জ প্রমুখ মূল প্রবন্ধের উপর আলোচনা করেন। সভাপতিত্ব করেন ডঃ ওয়াকিল আহমদ।

মূল প্রবন্ধে বলা হয়, পাঠক হিসেবে আমাদের প্রত্যাশা: আমরা ভাল বই পড়তে চাই। এমন বই যা আমাদের কিনতে বাধ্য করবে। লেবক, প্রকাশক, পাঠক এই তিনজন মিলে একটি গ্রন্থের বৃত্ত সম্পূর্ণ হয়। গ্রন্থবর্ষ নতুন করে এই সম্পূর্ণতার দিকে আমাদের চালিত করবে, লেখকরা সোৎসাহে বই লিখবেন, প্রকাশক তা আনবে প্রকাশ করবেন, পাঠক বই কিনে পড়বেন, এটাই হোক প্রত্যাশা।